

“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”



রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড

বাড়ী: ১৯, রোড: ১/বি, সেক্টর: ০৯, উত্তরা, ঢাকা-১২৩০।

ফোন: ০২-৪৮৯৫৭৯৫২ (পিএবিএক্স), ওয়েবসাইট: www.rpcl.gov.bd



নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- ২৭.২৬.০০০০.০০৫.০৩.০০৩.২০.৩৯

তারিখঃ ১৫.০৩.২০২০ খ্রিঃ

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল) একটি পাবলিক লিমিটেড কোম্পানী হিসেবে বিদ্যুৎ উৎপাদন কাজে নিয়োজিত। আরপিসিএল এ নিম্নবর্ণিত পদসমূহে লোকবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নিম্নে পদের নাম, পে-গ্রেড, মূল বেতন, পদের সংখ্যা ও প্রয়োজনীয় যোগ্যতা উল্লেখ করা হলো :

ক্রম	পদের নাম, পে-গ্রেড, মূল বেতন ও ভাতাদি	প্রয়োজনীয় যোগ্যতা
১।	উপ-সহকারী প্রকৌশলী পে-গ্রেড ১০ মূল বেতন : ৪০,০০০ টাকা ও বিধি মোতাবেক প্রচলিত অন্যান্য ভাতা ও সুবিধাদি। পদের সংখ্যা : ১০ (ইলেকট্রিক্যাল-৫, মেকানিক্যাল-৫)	বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল টেকনোলজি-তে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর।
২।	হিসাব রক্ষক/অডিটর পে-গ্রেড ১২ মূল বেতন : ২৮,০০০ টাকা ও বিধি মোতাবেক প্রচলিত অন্যান্য ভাতা ও সুবিধাদি। পদের সংখ্যা : ০২ (হিসাব রক্ষক-১, অডিটর-১)	সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতাসহ বাণিজ্যে স্নাতক। বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর।
৩।	সিকিউরিটি সুপারভাইজার পে-গ্রেড ১৪ মূল বেতন : ২৩,০০০ টাকা ও বিধি মোতাবেক প্রচলিত অন্যান্য ভাতা ও সুবিধাদি। পদের সংখ্যা : ০৩	প্রতিরক্ষা বাহিনীর চাকুরী থেকে অবসর গ্রহণকারী, ন্যূনতম ওয়ারেন্ট অফিসার পদ মর্যাদা সম্পন্ন। বয়স : সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) বছর।

শর্তাবলী :

- প্রার্থীগণকে <http://rpcl.teletalk.com.bd> অথবা www.rpcl.gov.bd ওয়েবসাইট এ প্রবেশ পূর্বক Online Application Form পূরণ করার মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন করার পদ্ধতি বর্ণিত ওয়েব সাইট হতে বিস্তারিতভাবে জানা যাবে।
- অনলাইন এ আবেদন শুরু তারিখ ও সময়ঃ ১৯/০৩/২০২০ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা এবং আবেদন করার শেষ তারিখ ও সময়ঃ ১২/০৪/২০২০ খ্রিঃ, অপরাহ্ন ৬:০০ ঘটিকা। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদন ফরম পূরণ করা যাবে না।
- (১) ও (২) নং ক্রমিকে উল্লেখিত পদসমূহের ক্ষেত্রে প্রার্থীর বয়স ১২/০৪/২০২০ খ্রিঃ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান এর ক্ষেত্রে, ১২/০৪/২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। এছাড়া, (৩) নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ১২/০৪/২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) বছর হতে হবে। উল্লেখ্য, বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান হলে, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধার সনদপত্রের কপি এবং প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক নির্ণায়ক প্রত্যয়নপত্র জমা প্রদান করতে হবে।
- (১) ও (২) নং ক্রমিকে বর্ণিত পদসমূহের ক্ষেত্রে, শিক্ষা জীবনের কোন পর্যায়েই তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না। গ্রেডিং পদ্ধতিতে গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ (১) নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে জিপিএ/সিজিপিএ ৫.০ স্কেলে ন্যূনতম ৩.০ অথবা ৪.০ স্কেলে ন্যূনতম ২.৫ থাকতে হবে এবং (২) নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে জিপিএ/সিজিপিএ ৫.০ স্কেলে ন্যূনতম ২.৫ অথবা ৪.০ স্কেলে ন্যূনতম ২.২৫ থাকতে হবে।
- (১) নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে আবেদনকারীকে অংশগ্রহণ মূলক নেতৃত্ব প্রদানে সক্ষম হতে হবে। এছাড়া, বাংলা ও ইংরেজীতে (লেখা ও বলায়) যোগাযোগে অবশ্যই দক্ষ এবং কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে।
- (১) নং ক্রমিকে বর্ণিত পদের বিপরীতে আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা এবং (২) ও (৩) নং ক্রমিকে বর্ণিত প্রতিটি পদের বিপরীতে ৭০০/- (সাতশত) টাকা টেলিটকের প্রি-পেইড নম্বর থেকে এসএমএস এর মাধ্যমে <http://rpcl.teletalk.com.bd> এর নির্দেশনা মোতাবেক পরিশোধ করতে হবে।
- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা/প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে আবেদন করতে হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক (সাক্ষাৎকার) পরীক্ষার সময় অবশ্যই জমা প্রদান করতে হবে।
- প্রার্থী কর্তৃক প্রদত্ত তার শিক্ষাগত যোগ্যতা, পঠিত বিষয়, জন্ম তারিখ, বয়স ও অন্যান্য তথ্য অসম্পূর্ণ বা অসত্য অথবা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে, নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে আরপিসিএল কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং যে কোন আবেদন/সকল আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- আবেদন সংক্রান্ত কোন তথ্য জানার প্রয়োজন হলে, টেলিফোন নম্বর: ০২-৪৮৯৫৭৯৫২ (এক্সটেনশন-১৩০) এ যোগাযোগ করা যেতে পারে।

জনারেল ম্যানেজার (এইচআর এন্ড এডমিন)

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড